

১০ টাকা ব্যাংক হিসাব (নো-ফ্রিল হিসাব)

১০ টাকা ব্যাংক হিসাব (নো-ফ্রিল হিসাব) কী?

সমাজের প্রান্তিক ও সুবিধা বঞ্চিত জনগোষ্ঠীকে সাশ্রয়ী মূল্যে ব্যাংকিং সেবা প্রদানের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক আর্থিক অন্তর্ভুক্তি (Financial Inclusion) কার্যক্রমের আওতায় অনুমোদিত ব্যাংক শাখায়, উপশাখায় বা এজেন্ট ব্যাংকিং আউটলেট এ মাত্র ১০ (দশ) টাকা প্রাথমিক জমাকরণের মাধ্যমে যে ব্যাংক হিসাব খোলা হয়, সেটাই ১০/- টাকা ব্যাংক হিসাব নামে পরিচিত। ইংরেজিতে এ ধরনের ব্যাংক হিসাবকে No-Frill Accounts (NFAs) নামে অভিহিত করা হয়।

এ ধরনের হিসাব খুলতে ও পরিচালনা করতে কোনো চার্জ বা ফি নেয়া হয় না।

কারা ১০/- টাকা ব্যাংক হিসাব খুলতে পারবে?

- সুবিধাবঞ্চিত জনগোষ্ঠী বা সরকারের সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় ভাতাভোগী; যে কোন দুর্যোগে (প্রাকৃতিক ও মানবসৃষ্ট) ক্ষতিগ্রস্ত (যেমন: নদীভাঙ্গন, জলোচ্ছ্বাস, ঘূর্ণিঝড়, বন্যা, খরা, মঙ্গা, অগ্নিকাণ্ড, ভূমিকম্প, ভবনধ্বস, কোভিড-১৯ এর ন্যায় অতিমারী ইত্যাদি) প্রান্তিক/ভূমিহীন কৃষক, ক্ষুদ্র ব্যবসায়ী, নিম্নআয়ের পেশাজীবী, এবং চর ও হাওর এলাকায় বসবাসকারী স্বল্প আয়ের জনগোষ্ঠী;
- পাড়া/মহল্লা/গ্রাম ভিত্তিক ক্ষুদ্র/অতিক্ষুদ্র (Small/Micro) উদ্যোক্তা ও পেশাজীবী (যেমন: চর্মকার, স্বর্ণকার, ক্ষৌরকার, কামার, কুমার, জেলে, দর্জি, হকার/ফেরিওয়ালা, রিক্সাচালক/ভ্যানচালক, ইলেক্ট্রিক/ইলেকট্রনিক যন্ত্র মেরামতকারী, ইলেক্ট্রিশিয়ান, কাঠমিস্ত্রি, রাজমিস্ত্রী, রংমিস্ত্রী, খিলমিস্ত্রী, প্লাম্বার, আচার/পিঠা প্রস্তুতকারী, ক্ষুদ্র তাঁতী, পশু চিকিৎসক ইত্যাদি);
- আয় উৎসারী কর্মকাণ্ডে নিয়োজিত অতি দরিদ্র বা দরিদ্র (যেমন: মুদি ও মনোহরী পণ্যের দোকানী, ভ্রাম্যমান কাপড়ের দোকানী, ফ্লেক্সিলোড সেবা প্রদানকারী/মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস এজেন্ট, তথ্য সেবা প্রদানকারী/ইন্টারনেট সেবা প্রদানকারী, ভাসমান খাবারের দোকানী, চা-পান বিক্রেতা, বই/পত্রিকা/ম্যাগাজিন বিক্রেতা, ঠোঙা/মোড়ক প্রস্তুতকারী, ফুল/ফল/শাক-সবজি বিক্রেতা, হাঁস/মুরগী/কবুতর/কোয়েল পালনকারী অতি ক্ষুদ্র উদ্যোক্তা, গরু/ছাগল/ভেড়া ইত্যাদি গবাদিপশু পালনকারী, চিংড়ি/মৎস্য/কাঁকড়া/কুঁচে চাষী, কেঁচো সারসহ যে কোন জৈব সার উৎপাদনকারী, সবজি চাষী, নার্সারি/বৃক্ষরোপণ কার্যক্রমে নিয়োজিত কর্মী, সূঁচিশিল্প, ব্লক-বাটিক, ক্ষুদ্র/কুটির শিল্প, হস্তশিল্প, কনফেকশনারিসহ অন্যান্য খাবার প্রস্তুতকরণ ও অন্য যে কোন সম্ভাবনাময় উদ্ভাবনী কর্মকাণ্ডে জড়িত ব্যক্তি এবং বিভিন্ন আয় উৎসারী কর্মকাণ্ড পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ভিডিপি সদস্য) ব্যক্তি বা ব্যক্তিবর্গ;
- বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তি ও অতিক্ষুদ্র বা ক্ষুদ্র মহিলা উদ্যোক্তাগণ।

নো-ফ্রিল হিসাব পরিচালনা করার উপায় কী?

ব্যাংকে হিসাব খুলে সংশ্লিষ্ট ব্যাংক শাখায় চেক এর মাধ্যমে এ হিসাবে লেনদেন করা যাবে। এমনকি অনলাইন ব্যাংকিং সুবিধা গ্রহণ করে দেশের যে কোন প্রান্তে অবস্থিত ব্যাংক শাখা হতেও লেনদেন করা যাবে। এছাড়া, ইন্টারনেট ব্যাংকিং এর মাধ্যমে ঘরে বসে বা স্মার্ট ফোন ব্যবহার করেও হিসাব পরিচালনা করা যাবে। প্রয়োজনে এটিএম কার্ড ব্যবহার করে এটিএম বুথ থেকে টাকা উত্তোলন করা যাবে। এছাড়া, এজেন্ট ব্যাংকিং আউটলেট এ হিসাব খুললে হাতের আঙুলের ছাপ (Finger Print) ব্যবহার করে হিসাব পরিচালনা করা যাবে যা অত্যন্ত নিরাপদ ও সহজ।

এই হিসাব খুলে কী কী ব্যাংকিং সেবা পাওয়া যাবে?

১০/- টাকায় খোলা ব্যাংক হিসাবটি একটি সঞ্চয়ী ব্যাংক হিসাব। সাধারণ সব ধরনের ব্যাংকিং সেবা এই হিসাবের মাধ্যমেই পাওয়া সম্ভব।

- টাকা জমানো ও উত্তোলন;
- রেমিটেন্স গ্রহণ;
- অন্য গ্রাহকের ব্যাংক হিসাবে টাকা প্রেরণ/পাওনা পরিশোধ;
- ঋণের টাকা উত্তোলন ও পরিশোধ;
- ইউটিলিটি বিল পরিশোধ;
- ভাতার টাকা বা সন্তানের বৃত্তি/উপবৃত্তির টাকা গ্রহণ ইত্যাদি।